

# Year 1 Phonics Screening Check

| Information for parents and carers

## ইয়ার ১ ফোনিক্স স্ক্রিনিং চেক

| পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য



### ফোনিক্স বা ধ্বনিবিদ্যা কি?

অক্ষর এবং শব্দের মধ্যে সম্পর্কটি ধ্বনিবিদ্যা নামে পরিচিত এবং এটি পড়া শেখার জন্য অপরিহার্য। কিছু শিশুদের পড়া শিখতে অসুবিধা হয়, তাই এই শিশুদের দ্রুত সনাক্ত করা গুরুত্বপূর্ণ। আর এইভাবে, শিক্ষকরা তাদের প্রয়োজন হতে পারে এমন কোনো বিশেষ সহায়তার জন্য পরিকল্পনা করতে পারেন।

### ইয়ার ১ ফোনিক্স স্ক্রিনিং চেক কী?

ইয়ার ১ ফোনিক্স স্ক্রিনিং চেক রাজ্য-ব্যাপী একটি সংক্ষিপ্ত পরীক্ষণ প্রক্রিয়া যার মাধ্যমে শিক্ষকরা জানতে পারেন যে আপনার সন্তান ফোনিক্সে কেমন করছে। এই স্ক্রিনিং চেক লক্ষ্য করে যে যখন বিভিন্ন অক্ষরের সংমিশ্রণ সহ ইংরেজি শব্দ দেয়া হয় তখন আপনার সন্তান কেমন পড়ে। আপনার সন্তান একজন শিক্ষকের সাথে বসবে এবং তাকে ৪০ টি শব্দ জোরে পড়তে বলা হবে। এই শব্দগুলোর মধ্যে ২০টি প্রকৃত শব্দ এবং ২০টি অর্থহীন শব্দ রয়েছে। অর্থহীন শব্দগুলোর উদ্দেশ্য হল শিক্ষার্থী সেই শব্দটি আগে দেখার স্মৃতির পরিবর্তে কোনও শব্দ পড়ার জন্য তাদের মিশ্রণের জ্ঞান ব্যবহার করতে পারে কিনা তা দেখা। পরীক্ষাটি সাধারণত ৫-৭ মিনিট সময় লাগে। যদি আপনার সন্তান কষ্ট করতে থাকে তবে শিক্ষক স্ক্রিনিং চেক বন্ধ করে দেবেন। স্ক্রিনিং চেকটি সাবধানতার সাথে ডিজাইন করা হয়েছে যাতে আপনার সন্তানের জন্য চাপ না হয়।

ইয়ার ১ ফোনিক্স স্ক্রিনিং চেকের প্রাথমিক লক্ষ্য হল আপনার সন্তানের শিক্ষককে প্রয়োজনীয় তথ্য দেওয়া যাতে করে তারা আপনার সন্তানের জন্য পাঠ পরিকল্পনা তৈরি করার সুবিধা পায়। ইয়ার ১ এর প্রতিটি শিশুকে একজন শিক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে এবং ইয়ার ১ এর সকল শিশুকে মূল্যায়ন করা হবে।

### ধ্বনিবিদ্যা কেন গুরুত্বপূর্ণ?

ইংরেজি পড়া এবং লিখা শেখার জন্য ধ্বনিবিদ্যার উপর জ্ঞান এবং দক্ষতা থাকা অপরিহার্য। সফল হওয়ার জন্য শিক্ষার্থীদের জানতে হবে কিভাবে একক অক্ষরগুলো অথবা বিভিন্ন অক্ষরের সংমিশ্রণগুলো ধ্বনি তৈরি করে, এবং এই ধ্বনিগুলোকে মিশ্রিত করে কিভাবে শব্দ পড়তে হয় সেই ব্যাপারে তাদের দক্ষতা থাকতে হবে। প্রাথমিক পাঠকদের শিখতে হবে কিভাবে শব্দের ধ্বনিগুলোকে দ্রুত এবং সাবলীলভাবে মিশ্রিত করা যায় যাতে করে পাঠের প্রবাহ বজায় রাখতে অথবা পাঠ্য সম্পর্কে তাদের বোঝার ক্ষেত্রে কোন ব্যাহত না হয়।

ইয়ার ১ ফোনিক্স স্ক্রিনিং চেক সম্পর্কিত আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন।

### টেলিফোন দোভাষী পরিষেবা

স্কুলের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষী সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, অপারেটরকে আপনার কী ভাষা প্রয়োজন তা বলুন ও তাদের স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।